যুগান্তর

5 MAY 2017

# বিদেশে ৮ কেন্দ্রে পাসের হার ৯৪ দশমিক ২৮ শতাংশ

যুগান্তর রিপোর্ট

পৃথিবীর বিভিন্ন দেশে থেকে চলতি বছর আটটি কেন্দ্রে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষায় অংশগ্রহণ করে শিক্ষার্থীরা। এদের মধ্যে পাস করেছে ৯৪ দশমিক ২৮ শতাংশ পরীক্ষার্থী। বৃহস্পতিবার প্রকাশিত এসএসসি ও সমমানের পরীক্ষার ফলাফল থেকে এ তথ্য পাওয়া গেছে।

শিক্ষা মন্ত্রণালয় থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে বিদেশের আটটি কেন্দ্রে মোট ৪৩৭ জন পরীক্ষার্থী অংশ নেয়। এদের মধ্যে পাস করেছে ৪১২ জন এবং জিপিএ-৫ পেয়েছে ১১২ জন। এর মধ্যে সৌদি আরবের জেদ্দায় বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল থেকে পরীক্ষায় অংশগ্রহণ করে ১৩৫ জন, পাস করেছে ১৩০ জন এবং জিপিএ-৫ পেয়েছে ৩৭ জন। রিয়াদের বাংলাদেশ অ্যাম্বেসি স্কুল থেকে অংশগ্রহণ করেছে ১১০ জন, পাস করেছে ৯৯ জন এবং জিপিএ ৫৬ পেয়েছে ১৮ জন। লিবিয়ার ত্রিপোলির বাংলাদেশ কমিউনিটি স্কুল থেকে চারজন পরীক্ষায় অংশগ্রহণ করে চারজনই পাস করেছে। কাতারের দোহায় বাংলাদেশ মাসহুর-উল-হক মেমোরিয়াল হাইস্কুল থেকে ৬৭ জন পরীক্ষা দিয়ে সবাই উত্তীর্ণ হয়েছে এবং জিপিএ-৫ পেয়েছে ২৬ জন।

দুবাইয়ের শেখ খালিফা বিন জায়েদ বাংলাদেশ ইসলামিয়া স্কুল থেকে ৩৯ জন পরীক্ষা দিয়ে সবাই পাস করেছে, জিপিএ-৫ পেয়েছে ১৪ জন।